



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
বরিশাল  
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)  
www.barisal.gov.bd



স্মারক নং- ০৫.১০.০৬০০.১০১.৫০.০০২.২২-১৯৭

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০  
০৮ জুন, ২০২৩

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিতব্য বরিশাল সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন, ২০২৩ উপলক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ০৬-০৬-২০২৩ খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১.৩৯৫ নং স্মারক এবং নৌ পরিবহন মন্ত্রণালয়ের ০৬-০৬-২০২৩ খ্রিঃ তারিখের ১৮.০০.০০০০.০১৯.১৮.০৩৯.২২.১৩৩ নং স্মারকের নির্দেশনা আলোকে আগামী ১১ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ১২ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত ভোট কেন্দ্রের আশেপাশের এলাকায় নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

- |                             |  |            |
|-----------------------------|--|------------|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা | (৪) জীপ  | (৭) বাস    |
| (২) ট্যাক্সি ক্যাব          | (৫) পিক আপ   | (৮) ট্রাক  |
| (৩) মাইক্রোবাস              | (৬) কার  | (৯) টেম্পো |
| (১০) লঞ্চ                   | (১১) ইঞ্জিনচালিত সকল ধরনের নৌ-যান (ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌ-যান ব্যতীত) |            |
- ১২) স্পীডবোটসমূহ নির্বাচনী এলাকায় চলাচল নিষিদ্ধ করা হলো।

০২। এছাড়া ১০ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ১৩ জুন, ২০২৩ খ্রিঃ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত ভোট কেন্দ্রের আশেপাশের এলাকায় মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশী পর্যবেক্ষক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহৃত যানবাহন চলাচলের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এছাড়া জাতীয় মহাসড়ক, বন্দর ও পন্য সরবরাহ, ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান, বাস চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৮/৬/২০/২৩

(মোঃ জাহাঙ্গীর হোসেন)  
জেলা ম্যাজিস্ট্রেট  
বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪৪২৯

ই-মেইল: dcbarishal@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৬। বিভাগীয় কমিশনার, বরিশাল
- ০৭। পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল
- ০৮। অধিনায়ক, র‍্যাব-৮, বরিশাল
- ০৯। রিটার্নিং অফিসার, বরিশাল সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন-২০২৩

০৬/৬/২০২৩

জেলা ম্যাজিস্ট্রেট  
বরিশাল